

## ছাত্র ছুরিকাহত চট্টগ্রাম ভাসিটিতে সংঘর্ষ

চট্টগ্রাম, ৪ঠা ফেব্রুয়ারী (বাসস)।  
-চাকসু নির্বাচনের আগে উত্তেজনাপূর্ণ পরিবেশে আজ বিভিন্ন ছাত্র গ্রুপের মধ্যে বিক্ষিপ্ত সংঘর্ষের সময় একজন ছাত্র ছুরিকাহত হয়। তার পরিচয় জানা যায়নি। বিশ্ববিদ্যালয় ডিসপেন্সারীতে তার প্রাথমিক চিকিৎসা করা হয়।  
(৩-এর পঃ দঃ)

### ভাসিটিতে সংঘর্ষ

সমাবেশ (প্রথম পৃঃ পর)

আমাদের বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, আর মাত্র ৩ দিন পর চাকসু নির্বাচন। দীর্ঘ ৯ বছর পর সাধারণ ছাত্রছাত্রীদের আকাজ্জিত এ নির্বাচন হতে যাচ্ছে। নির্বাচনকে কেন্দ্র করে মিছিল ও সমাবেশে মুখরিত হয়ে উঠেছে ক্যাম্পাস। আজ সর্বদলীয় ছাত্র এক্যের উদ্যোগে মুক্তিযুদ্ধ ভাস্কর্য প্রাঙ্গণে হাসান মাহমুদের সভাপতিত্বে এক সমাবেশে ডাকুস সহ-সভাপতি সুলতান মুহম্মদ মনসুর, জিএস মুশতাক আহমদ, সূর্যসেন হল ছাত্র সংসদের সাধারণ সম্পাদক আবু তাহের প্রমুখ বক্তৃতা করেন। সমাবেশে ছাত্র এক্যের নাজিম-আজিম পরিষদের সদস্যদের পরিচয় করিয়ে দেয়া হয়।

ছাত্র শিবিরের মনোনীত হামিদ-মনসুর পরিষদের সমর্থনে এক সমাবেশ হামিদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সমাবেশে শিবিরের কে-নরী কমিটির সভাপতি আমিনুল ইসলাম, জসিমউদ্দিন, আবুল গাফুর প্রমুখ বক্তৃতা করেন।